গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.sid.gov.bd

বিষয়: ২১ ফেব্রুয়ারি "মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩" পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. শাহনাজ আরেফিন *এনডিসি*
সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
তারিখ ও সময় : ৮ ফেব্রুয়ারি ২০২৩ দুপুর ২.৩০ মিনিট
স্থান : পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-এ)
সভার উপস্থিতি : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ সভায় ভাষা শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে উপস্থিত সকলকে অবহিত করেন যে, সরকার প্রতিবছরের ন্যায় এ বছর ২১ ফেব্রুয়ারি "মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩" যথাযোগ্য মর্যাদার সাথে উদ্‌যাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছেন। দিবসটি যথাযথভাবে পালনের জন্য সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ে গত ১৭ জানুয়ারি ২০২৩ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় একটি আন্ত:মন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

০২। তিনি সভায় আরও উল্লেখ করেন যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের ক্রমিক নং-২.১ এবং ২.২৪ অনুসারে প্রতিটি সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনসমূহে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় পতাকা নামাতে হবে। পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। এছাড়া আগামী ১৫-০২-২০২৩ তারিখের মধ্যে এ বিভাগের কর্মসূচি সম্পর্কে সংস্কৃতিক বিষয়ক মন্ত্রণালয়কে অবহিত করতে হবে। যুগ্মসচিব (প্রশাসন) এ পর্যায়ে প্রশাসন-২ অধিশাখায় উপসচিব জনাব মোঃ ফরিদ হোসেন-কে গত বছর ২১ ফেব্রুয়ারিতে এ বিভাগের কর্মসূচি ও সভার সিদ্ধান্তসমূহ উপস্থাপনের জন্য অনুরোধ জনান। উপসচিব (প্রশাসন-২) সভায় বিগত ২০২২ সালে ২১ ফেব্রুয়ারি পালনের অনুষ্ঠানসূচি সকলকে অবহিত করেন।

২.০) ২১ ফেব্রুয়ারি ২০২৩ যথাযথভাবে পালনের নিমিত্ত সভার আলোচনা পর্বে এ বিভাগের অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিবসহ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক ও উপমহাপরিচালক তাঁদের মূল্যবান মতামত ব্যক্ত করেন। সভায় উপস্থিত সকলের মতামতের প্রেক্ষিতে সর্বসম্মতভাবে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.১ | ২১ ফেব্রুয়ারি-২০২৩ তারিখে জাতীয় পতাকা উত্তোলন | পরিসংখ্যান ভবনে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হবে। সূর্যোদয়ের সময়ে জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় জাতীয় পতাকা নামাতে হবে। জাতীয় পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। | ২১ ফেব্রুয়ারি ২০২৩ তারিখে পরিসংখ্যান ভবনে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সূর্যোদয়ের সময়ে জাতীয় পতাকা উত্তোলন এবং সূর্যাস্তের সময় জাতীয় পতাকা নামাতে হবে। জাতীয় পতাকা অর্ধনমিত করার ক্ষেত্রে সঠিক নিয়ম অনুসরণ করতে হবে। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং প্রশাসন-২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.১ | ২১ ফেব্রুয়ারি-২০২৩ তারিখে জাতীয় পতাকা উত্তোলন | এক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে একজন এবং বিকল্প হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের একজন কে দায়িত্ব প্রদান এবং তাদের নাম, ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে এবং পতাকা উত্তোলনের ছবি সচিব মহোদয় বরাবর প্রেরণের বিষয়ে সভায় আলোচনা হয়। | এক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে একজন এবং বিকল্প হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের একজন কে দায়িত্ব দিতে হবে এবং তাদের নাম, ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে। বিবিএস-এর পক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা জনাব মোঃ সাহাবুদ্দীন সরকার, উপপরিচালক, (মোবাইল:০১৭১১৭৩৬৯০৮) এবং পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের পক্ষে জনাব মোঃ জহিরুল ইসলাম, প্রশাসনিক কর্মকর্তা, (মোবাইল:০১৫৬৮০১৫৯৮৬) পতাকা উত্তোলনের বিষয়টি তদারকি করবেন। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এবং প্রশাসন-২ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ |
| ২.২ | পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল | যদি গতবছরের মতো এবছরও পরিকল্পনা মন্ত্রণালয় কর্তৃক পুষ্পস্তবক অর্পণ, আলোচনা সভা, দোয়া ও মিলাদ মাহফিল বা অন্য কোন কর্মসূচি গ্রহণ করে এবং উক্ত অনুষ্ঠানে অংশগ্রহণের আমন্ত্রণ পাওয়া যায় তাহলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর কর্মকর্তা/ কর্মচারীগণ যৌথভাবে উক্ত কর্মসূচিতে অংশগ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব জনাব মোঃ ফরিদ হোসেন এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনাব মোঃ আনিসুজ্জামান, উপপরিচালক (ভারপ্রাপ্ত) এফএ এন্ড এমআইএস উইং পরিকল্পনা বিভাগের সাথে যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়। | পরিকল্পনা মন্ত্রণালয়ে শহিদ মিনারে গত বছর পরিকলল্পনা মন্ত্রণালয়ের বিভাগসমূহ সমন্বিত অনুষ্ঠান করে সেরূপ অনুষ্ঠানের আয়োজন হলে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো আলোচ্য অনুষ্ঠানে অংশগ্রহণ করবে। এ ক্ষেত্রে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের উপসচিব জনাব মোঃ ফরিদ হোসেন এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর জনাব মোঃ আনিসুজ্জামান, উপপরিচালক (ভারপ্রাপ্ত) এফএ এন্ড এমআইএস উইং পরিকল্পনা বিভাগের সাথে নিয়মিত যোগাযোগ করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ২.৩ | অমর একুশে বই মেলা-২০২৩-এ ডকুমেন্টারি প্রদর্শন | অমর একুশে বই মেলা-২০২৩ এ স্থাপিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্টলে বিবিএস এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের ডিজিটাল ডকুমেন্টারি ভিডিও আকারে প্রদর্শন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সভায় আলোচনা হয়। এ লক্ষ্যে মহাপরিচালক, বিবিএস প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন। | অমর একুশে বই মেলা-২০২৩ এ স্থাপিত বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর স্টলে বিবিএস এর বিভিন্ন গুরুত্বপূর্ণ কার্যক্রমের ডিজিটাল ডকুমেন্টারি ভিডিও আকারে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২.৪ | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ মাঠ পর্যায়ে পালন | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ ও সমন্বয় করে দিবসটি যথাযথভাবে উদ্‌যাপনের বিষয়ে সভায় আলোচনা হয়। | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালনের লক্ষ্যে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মাঠ পর্যায়ের বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ের অফিসসমূহ স্থানীয় প্রশাসনের সাথে যোগাযোগ ও সমন্বয় করে দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন করবে। এ বিষয়ে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ যথাযথ কার্যক্রম গ্রহণ করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ২.৫ | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ কালো ব্যাচ পরিধান | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালনের নিমিত্ত পরিকল্পনা বিভাগ ব্যাচ তৈরি করে আমাদেরকে সরবরাহ করবে নাকি আমরা ব্যাচ তৈরি করে পরিকল্পনা বিভাগ-কে সরবরাহ করবো সে বিষয়ে যোগাযোগ করে নিশ্চিত হওয়ার বিষয়ে সভায় আলোচনা হয়। | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালনের নিমিত্ত পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ ও বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা/কর্মচারীগণ কালো ব্যাচ পরিধান করবেন। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ২.৬ | পরিসংখ্যান ভবনে ব্যানার (ড্রপডাউন/ সাধারণ) প্রস্তুত সংক্রান্ত | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালনের নিমিত্ত ব্যানার (ড্রপডাউন/সাধারণ) প্রস্তুতপূর্বক পরিসংখ্যান ভবনে টাঙ্গাতে হবে। এক্ষেত্রে কালো ব্যানারের উপর সাদা লেখা রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ পালনের নিমিত্ত ব্যানার (ড্রপডাউন/সাধারণ) প্রস্তুত করে পরিসংখ্যান ভবনে টাঙ্গাতে হবে। এক্ষেত্রে কালো ব্যানারের উপর সাদা লেখা থাকবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |
| ২.৭ | পরিসংখ্যান ভবনে ডিসপ্লে স্থাপন সংক্রান্ত | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ যথাযথভাবে পালনের লক্ষ্যে ভবনের সামনে ডিসপ্লে-এর মাধ্যমে ১৯৭৪ সাল থেকে এখন পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ ছবি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে দেখানোর বিষয়ে সভায় আলোচনা হয়। | মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৩ যথাযথভাবে পালনের লক্ষ্যে ভবনের সামনে ডিসপ্লে-এর মাধ্যমে ১৯৭৪ সাল থেকে এখন পর্যন্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ ছবি পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন এর মাধ্যমে দেখানোর বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো |

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

পূর্ব পৃষ্ঠার পর

| | | | |
|---|---|---|---|
| ২.৮ | উপকমিটি গঠন | ২১ ফেব্রুয়ারি ২০২৩ যথাযথভাবে উদযাপনে অমর একুশে বইমেলা ২০২৩-এ ভিডিও ডকুমেন্টারি ও অন্যান্য কার্যক্রমের জন্য পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর কর্মকর্তা/কর্মচারীগণের সমন্বয়ে ৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট একটি উপকমিটি গঠনের বিষয়ে সভায় আলোচনা হয়। | অমর একুশে বইমেলা-২০২৩ এ বিবিএস এর গুরুত্বপূর্ণ কার্যক্রমের ভিডিও ডকুমেন্টারি ও তথ্যচিত্র প্রদর্শন ও অন্যান্য গৃহীত কর্মসূচির জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নরূপভাবে একটি উপকমিটি গঠনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়:<br>১. উপমহাপরিচালক, বিবিএস-আহবায়ক;<br>২. উপসচিব (প্রশাসন-২), এসআইডি-সদস্য;<br>৩. জনাব লিজেন শাহ নঈম, উপপরিচালক, বিবিএস-সদস্য;<br>৪. জনাব আরিফ হোসেন, উপপরিচালক, বিবিএস-সদস্য;<br>৫. পরিচালক (ভারপ্রাপ্ত) এফএ এন্ড এমআইএস উইং, বিবিএস- সদস্য-সচিব। |

২.৯) অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪.০২.০২৩

ড. শাহনাজ আরেফিন, *এনডিসি*
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

নং-৫২.০০.০০০০.০০৬.২৩.২০৯.৯২ (অংশ-২)- ৭০০

তারিখ: ০১ ফাল্গুন ১৪২৯ / ১৪ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
২। মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৩। যুগ্মসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৪। উপমহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৫। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৬। পরিচালক (সকল), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, আগারগাঁও, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৮। সিস্টেম এনালিস্ট, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
৯। উপপরিচালক, এসডিজি সেল, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১০। সহকারী সচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১১। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।
১২। সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি:

১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। অফিস কপি।

১৪/০২/২৩

মোঃ ফরিদ হোসেন
উপসচিব